

মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : আরিফা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর।


তারিখ : ১৬-৩-২০২২ খ্রি:
সময় : দুপুর ২:৩০ হতে দুপুর ৩:১৫ টা।
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	কৃষি ও সেচ কমিটির সভা	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি মৌসুমে মাঠে দন্ডায়মান ফসল বিশেষকরে গম, বোরো, রবি ভুট্টা, আলু, সরিষা, শাকসবজির অবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে। এ বছর রবি মৌসুমে বোরো ও ভুট্টার আবাদ লক্ষ্যমাত্রার তুলনায় ১০% বেশি হয়েছে। ইতিমধ্যে আলু, শাকসবজি, সরিষা কর্তণ শেষ পর্যায়ে রয়েছে। প্রাথমিকভাবে উক্ত ফসলসমূহের ফলন সন্তোষজনক। বাজারে সার, বীজ ও কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নেই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে।	সার, বীজ, জ্বালানী তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা, কালকিনি

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৬/৩/২২

(আরিফা আক্তার)
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি
কালকিনি, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর।

মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : আরিফা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর।


তারিখ : ১০-৫-২০২২ খ্রি:
সময় : দুপুর ২:৩০ হতে দুপুর ৩:১৫ টা।
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	কৃষি ও সেচ কমিটির সভা	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি খরিপ-১ মৌসুমে মাঠে দভায়মান ফসল বিশেষ করে রোপা আউশ, পাট, গ্রীষ্মকালীন শাকসবজি সন্তোষজনক পর্যায়ে রয়েছে। এ বছরে খরিপ-১ মৌসুমে ভূট্টা এবং আউশের আবাদ লক্ষমাত্রার তুলনায় ১০% বেশি হয়েছে। ইতিমধ্যে খরিপ-১ ভূট্টা ও আউশ পরিপক্ক অবস্থায় রয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রকল্পের কর্মকাণ্ড শুরু হয়েছে। যথাসময়ে সকল কার্যক্রম শেষ হবে মর্মে তিনি জানান। মাঠ পর্যায়ে সার, বীজ, কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নাই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে।	সার, বীজ, জ্বালানী তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা, কালকিনি

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(আরিফা আক্তার)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি
কালকিনি, মাদারীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালকিনি, মাদারীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর।